

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 17-10-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, ত্রিপুরা থেকে নেপালে বিদ্যুৎ রপ্তানির পরিকল্পনা নেওয়া হয়েছে।
  - (২) আগরতলা থেকে শিলচর রুটে পুনরায় বিমান পরিষেবা চালু হচ্ছে।
  - (৩) রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু বলেছেন, প্রতিটি জনজাতি গ্রামকে স্বনির্ভর করে তোলার লক্ষ্যে আদি কর্মযোগী অভিযান চালু করা হয়েছে।
  - (৪) কর্ণেল সি কে নাইডু ট্রাফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে ত্রিপুরার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নেয়ার জন্য লড়াই করছে স্বাগতিক মধ্যপ্রদেশ।
- \*\*\*\*\*

**Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, ত্রিপুরা থেকে নেপালে বিদ্যুৎ রপ্তানির পরিকল্পনা নেওয়া হয়েছে। এনিয়ে ইতিমধ্যে নতুনদিল্লিতে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় সরকার এবিষয়ে খব শীঘ্রই চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। আজ নর্থ ইস্ট পাওয়ার সিস্টেম ইমপ্রুভমেন্ট প্রকল্পের অধীনে গোকুলনগর রাস্তারমাথা স্পোর্টস গ্রাউন্ডে ১৩২ কেভি গোকুলনগর সাব-স্টেশনের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, ৪৩ কোটি ৯৮ লক্ষ টাকা ব্যয়ে এই সাব-স্টেশনটি নির্মাণের ফলে বিশালগড় অফিস টিলা, সেন্ট্রাল জেল, গোলাঘাটি, মধুপুর, সেকেরকোট, ফুলতলি, বিক্রমনগর, কমলাসাগর এলাকার ৪৮ হাজার ৭৪০টি পরিবার উপকৃত হবে।

তিনি বলেন, ত্রিপুরায় গ্যাসের সরবরাহ ধীরে ধীরে হ্রাস পাচ্ছে। গ্যাস সরবরাহ করে যাওয়ায় রুথিয়া বিদ্যুৎকেন্দ্র যেখানে ৬৩ মেগাওয়াট উৎপাদনের ক্ষমতা রাখে, সেখানে এখন মাত্র ১৯ মেগাওয়াট উৎপাদন

হচ্ছে। গ্যাসের সীমিত সরবরাহের মধ্যেও উৎপাদন দ্বিগুণ করতে নতুন প্রযুক্তি আনা হচ্ছে। বিশ্বব্যাংকের সহায়তায় ১৩৫ কোটি টাকা বিনিয়োগ করে রাখিয়া কম্বাইনড সাইকেল গ্যাস টারবাইন প্রযুক্তির মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহিজিলার জিলা সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক অন্তর্বাস সরকার দেব, বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন আতশি দাস প্রমুখ।

\*\*\*\*\*

### **New Flight :**

আগরতলা থেকে শিলচর রুটে পুনরায় বিমান পরিষেবা চালু হচ্ছে। আগরতলা বিমানবন্দরের সহকারি জেনারেল ম্যানেজার জেম্পু হাকিপ আজ জানিয়েছেন, আগামী ২৪শে অক্টোবর থেকে আগরতলা শিলচর রুটে ১৮০ আসনের বিমান চালাবে ইন্ডিগো। সপ্তাহে দুদিন মঙ্গলবার ও শুক্রবার এই রুটে বিমান চলাচল করবে। শ্রী হাকিপ আরও জানান, আগামী ২৬শে অক্টোবর থেকে আগরতলা-বাগড়োগরা রুটে প্রতিদিন বিমান চালাবে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস।

\*\*\*\*\*

### **EMRS-Bikash Debbarma :**

একলব্য মডেল আবাসিক স্কুলের দুইদিনব্যাপি ষষ্ঠ রাজ্যভিত্তিক সাহিত্য সংস্কৃতি এবং কলা উৎসব আজ থেকে আগরতলার টাউন হলে শুরু হয়েছে। উৎসবের উদ্বোধন করে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, রাজ্য সরকার জনজাতিদের সামগ্রিক উন্নয়নে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়ে কাজ করছে। রাজ্যে বর্তমানে ১২টি একলব্য মডেল আবাসিক স্কুল রয়েছে। জনজাতি অধ্যুষিত এলাকায় এ ধরনের আরো বেশ কয়েকটি বিদ্যালয় গড়ে তোলা হবে। দুইদিনব্যাপি এই উৎসবে ৮টি ইভেন্টে রাজ্যের বিভিন্ন প্রান্তের একলব্য মডেল আবাসিক স্কুলের ৪০২ জন ছাত্রছাত্রী অংশ গ্রহণ করেছে।

\*\*\*\*\*

### **Diwali Preparation :**

উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গনে উত্তর-পূর্ব ভারতের অন্যতম প্রতিহ্যবাহী দীপাবলি উৎসব আগমী সোমবার থেকে শুরু হচ্ছে। ত্রিদিন সন্ধ্যায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ধন্যমানিক্য মুক্ত মঞ্চে তিনদিনব্যাপী দীপাবলি উৎসবের সূচনা করবেন। দীপাবলি উৎসব কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক অভিযোক দেবরায় আজ আমাদের আকাশবাণী গোমতি জেলা প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে এক সাক্ষাৎকারে জানান, এবারের দীপাবলির বিশেষ আকর্ষণ বারাণসীর ধাঁচে মেলার তিনদিন সন্ধ্যায় কল্যাণ সাগরে আরতি হবে। মেলার তিনদিন বিশেষ ট্রেন চলাচল করবে। এদিকে, বারাণসীর গুরুজী ডক্টর আচারিয়া শঙ্কর জানিয়েছেন, দীপাবলি উৎসবের পর প্রতি সপ্তাহের শুক্র, শনিবার ও রবিবার এই তিনদিন বারাণসীর ধাঁচে দেওয়ালির পর থেকে প্রতি সপ্তাহের ৩ দিন সন্ধ্যায় কল্যাণ সাগরে আরতি করা হবে।

\*\*\*\*\*

### **BSF new IG :**

বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের নতুন মহাপরিদর্শক হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন অলোক কুমার চক্রবর্তী। আজ তিনি এ. কে. শর্মা-র কাছ থেকে দায়িত্ব গ্রহণ করেছেন। বিএসএফ শালবাগান সদর দপ্তর জানিয়েছে, শ্রী শর্মাকে মণিপুর ফ্রন্টিয়ারে স্থানান্তরিত করা হয়েছে।

\*\*\*\*\*

### **PMDDKY :**

খোয়াই কৃষি মহকুমার অন্তর্গত সীমান্ত গ্রাম গৌরনগর প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনার মাধ্যমে ডাল জাতীয় শস্য উৎপাদনে স্বয়ংস্তর হয়ে উঠেছে। আকাশবাণীকে দেওয়া এক সাক্ষাৎকারে এই সংবাদ জানান খোয়াই কৃষি তত্ত্বাবধায়ক প্রদ্যোগ কুমার দে। তিনি জানান, গৌরনগর গ্রামের কৃষকরা এবছর কুড়ি হেক্টেরেও বেশি জমিতে মাশকালাই চাষ করেছে সম্পূর্ণ অর্গানিক পদ্ধতিতে। অর্গানিক পদ্ধতিতে ডাল জাতীয় শস্য উৎপাদন করে

কৃষকরা উৎপাদন বৃদ্ধির আভাস পেতেই গ্রামের সিংহভাগ কৃষকরা ধান ও সবজি চাষের পাশাপাশি মাস কালাই চাষে ব্যাপক মনোযোগী হয়েছেন। কৃষকদের উন্নতমানের বীজ প্রদান সহ সমস্ত ধরনের সহযোগিতা করছে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# # # # # Sound Byte# # # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটিস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **Adi Karmayogi Abhiyan- President :**

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু বলেছেন, প্রতিটি জনজাতি গ্রামকে স্বনির্ভর করে তোলার লক্ষ্যে আদি কর্মযোগী অভিযান চালু করা হয়েছে। আজ নতুন দিল্লিতে 'আদি কর্মযোগী অভিযান "শীর্ষক জাতীয় সম্মেলনে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, এই অভিযানের মাধ্যমে জনজাতি সম্প্রদায়গুলি যাতে জাতীয় উন্নয়নের যাত্রায় অংশ নেয় এবং উন্নয়নের সুবিধা জনজাতি অঞ্চলে পৌঁছে যায় তা নিশ্চিত করতে হবে।

# # # # # Byte-President# # # #

আদিবাসী বিষয়ক মন্ত্রকের উদ্যোগে এই সম্মেলনের আয়োজন করা হয়। সম্মেলনে "জনজাতি গ্রাম দৃষ্টিভঙ্গি ২০৩০"-ধারণা থেকে বাস্তবায়ন পর্যন্ত বিষয়ের ওপর জোর দেওয়া হয়। কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রী জুয়েল ওরাম, জনজাতি বিষয়ক প্রতিমন্ত্রী, কেন্দ্রীয় ও রাজ্য সচিব, জেলা ম্যাজিস্ট্রেট, মাস্টার প্রশিক্ষক এবং সারা দেশ থেকে আদি সহযোগীর প্রতিনিধিরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Tripura Border :**

ভারত বলেছে যে ত্রিপুরায় বাংলাদেশি নাগরিকদের সঙ্গে জড়িত সাম্প্রতিক ঘটনাটি আন্তর্জাতিক সীমান্তের পরিব্রতা বজায় রাখার জন্য বাংলাদেশের উপযুক্ত ব্যবস্থা গ্রহণের তিনি বাংলাদেশি পাচারকারীর মৃত্যুর ঘটনা সম্পর্কে গণমাধ্যমের প্রশ্নের জবাবে বিদেশ মন্ত্রকের মুখ্পত্র রণধীর জয়সওয়াল এই কথা বলেন। তিনি বলেন, এই ঘটনাটি আন্তঃসীমান্ত অপরাধ এবং চোরাচালান রোধে বেড়া নির্মাণের প্রয়োজনীয়তাকে সমর্থন করে।

চলতি মাসের ১৫ তারিখে বাংলাদেশ থেকে তিনজন দুর্বলের একটি দল আন্তর্জাতিক সীমান্ত অতিক্রম করে ভারতীয় ভূখণ্ডের বিদ্যাবিল গ্রাম থেকে গরু চুরির চেষ্টা করে। মুখ্পত্র বলেন, তারা স্থানীয় গ্রামবাসীদের লোহার দা ও ছুরি দিয়ে আক্রমণ করে আহত করে এবং একজন গ্রামবাসীকে হত্যা করে।

কর্তৃপক্ষ ঘটনাটিলে ছুটে যায়, যেখানে দুই চোরাকারবারিকে মৃত অবস্থায় পাওয়া যায়। তৃতীয় চোরাকারবারি পরের দিন হাসপাতালে মারা যায়। তিনজনেরই মরদেহ বাংলাদেশ পক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। পুলিশ একটি মামলাও দায়ের করেছে।

\*\*\*\*\*

### **PM, Gatishakti :**

প্রধানমন্ত্রী গতিশক্তির অধীনে নেটওয়ার্ক পরিকল্পনা গোষ্ঠীর শততম সভায় আজ সড়ক, পরিবহন এবং মহাসড়কের পরিকাঠামো প্রকল্পগুলি পর্যালোচনা করা হয়। সভায় প্রধানমন্ত্রী গতিশক্তি জাতীয় মাস্টার প্ল্যানের সঙ্গে সামঞ্জস্য রেখে মাল্টিমোডাল সংযোগ এবং লজিস্টিক দক্ষতা বৃদ্ধির উপর আলোকপাত করা হয়েছে। বৈঠকে আর্থ-সামাজিক সুবিধার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ দুটি রেল, দুটি মহাসড়ক এবং একটি মেট্রোরেল প্রকল্প সহ পাঁচটি প্রকল্প সমন্বিত মাল্টিমোডাল পরিকাঠামোর মূল্যায়ন করা হয়। শিল্প ও অভ্যন্তরীণ বাণিজ্য উন্নয়ন বিভাগের লজিস্টিকসের যুগ্ম সচিব পক্ষজ কুমারের সভাপতিত্বে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

### **CPI- Foundation Day :**

সিপিআইএম দলের উদ্যোগে আজ রাজ্যের বিভিন্ন স্থানে ভারতের কমিউনিস্ট পার্টির ১০৬তম প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। এ উপলক্ষ্যে আগরতলায় রাজ্য দপ্তরে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রাক্তন সাংসদ শংকর প্রসাদ দত্ত, সিপিআইএম নেতৃী কৃষ্ণ রাষ্ট্রিত।

বিলোনিয়ায় আয়োজিত কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রাক্তন সাংসদ নারায়ণ কর, বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, প্রাক্তন বিধায়ক সুধন দাস, বাসুদেব মজুমদার, সিপিআইএম দক্ষিণ জেলার সম্পাদক তাপস দত্ত প্রমুখ।

সাব্রহ্মের কলাচড়ার বন্ধন বাজারের কর্মসূচিতে প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী ও শান্তিরবাজার মহকুমার পতিছড়ি মুড়াসিং পাড়ার কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রাক্তন এমডিসি পরীক্ষিত মুড়াসিং সহ অন্যান্য নেতৃবৃন্দ।

\*\*\*\*\*

### **Mayor Visit :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ স্মার্ট সিটি প্রকল্পের আওতায় আগরতলা শহরের জলাবদ্ধতা নিরসনে কভার ড্রেন নির্মাণ কাজ থিয়ে দেখতে আগরতলার আশ্রম চৌমুহনী এলাকা পরিদর্শনে যান। তিনি জানান, আগরতলা শহরকে জলাবদ্ধ অবস্থা থেকে মুক্ত করার জন্য পুর নিগম, স্মার্ট সিটি প্রকল্প এবং পূর্ত দপ্তর মিলিতভাবে একাধিক প্রকল্প বাস্তবায়নে কাজ করছে।

\*\*\*\*\*

### **CK Naidu :**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে ত্রিপুরার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নেয়ার জন্য লড়াই করছে স্বাগতিক মধ্যপ্রদেশ। জৰুলপুরের নিমখাড়েতে চারদিনের খেলার দ্বিতীয় দিনে আজ ৪ উইকেটে ২৪৯ রান থেকে ব্যাট করতে নেমে করে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৪৬ রান করে। জবাবে ব্যাট করতে নেমে মধ্যপ্রদেশ প্রথম ইনিংসে দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ২২০ রান করে।

\*\*\*\*\*

### **Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় সার্ভিসেসের বিরুদ্ধে পরাজয় এড়াতে লড়াই করছে ত্রিপুরা। দিল্লিতে পালামের এয়ারফোর্স কমপ্লেক্স মাঠে ৪ উইকেটে ৫৬ রান থেকে ব্যাট করতে নেমে আজ তৃতীয় দিনে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি হারিয়ে ১৭৬ রান করে। দলের পক্ষে বিজয় শংকর ৬২ রান করেন। ১৮৩ রানে পিছিয়ে থেকে রাজ্যদল ফলোঅনে নেমে দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ১১৪ রান করে। ধূতুরাজ রায় ৩১ রান করেন। এর আগে সার্ভিসেস প্রথম ইনিংসে ৩৫৯ রান করেছিল। রাজ্যদল এখনো ৬৯ রানে পিছিয়ে আছে।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার স্থাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*